দৈনিক ইত্তেফাক

24 MAR 20·3

# রাজশাহীতে সরকারী রেসিডেনসিয়াল মডেল স্কুল স্থাপনের সিদ্ধান্ত

রাজশাহী অফিস ॥ এ মহানগরীতে একটি সরকারী রেসিডেন্সিয়াল মডেল স্কুল ও কলেজ স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। শীঘ্রই এর নির্মাণ কাজ শুরু হবে।

বৃহস্পতিবার রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র মিজানুর রহমান মিনু মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে এ তথ্য প্রকাশ করেন। তিনি বলেন, মহানগরীতে ছাত্র-ছাত্রীদের ভর্তি সমস্যা সমাধানকল্পে স্কুলে দুই শিফট চালুর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। এছাড়াও মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রীরা যাতে সব স্কুলে ভর্তি হতে পারে সেজন্য ঢাকা ও চট্টগ্রামের মত রাজশাহী মহানগরীতেও কেন্দ্রীয়ভাবে ভর্তি পরীক্ষা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ দেয়া হয়েছে। মেয়র বলেন, দেশে আধুনিক শিক্ষার সূতিকাগার রাজশাহী মহানগরী শিক্ষা মহানগরী হিসাবে রাজশাহী সুপরিচিত। এর শিক্ষার মান বৃদ্ধি ও ঐতিহ্য ধরে রাখার জন্য আধুনিক ও উন্নত মানের শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা প্রয়োজন।